গণিত মেধা অন্বেষণ - ২০২৫

Mathematics Talent Search – 2025

Organised by: The Pi Group of Mathematics, Cooch Behar

Class – V　　　　Full Marks – 100　　　　Time – 1 Hr 30 Min

****পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ****

১. উত্তরপত্রের নির্দিষ্ট জায়গায় পরীক্ষার্থীর নাম, পরীক্ষার রোল নম্বর, শ্রেণী এবং বিদ্যালয়ের নাম ঠিকমত লিখতে হবে।

২. প্রতিটি প্রশ্নের মান ২ করে মোট ৫০ টি প্রশ্ন আছে।

৩. প্রতিটি প্রশ্নের জন্য ৪ টি করে সম্ভাব্য উত্তর-এর বিকল্প (Option) দেওয়া আছে।

৪. উত্তরপত্র (OMR Sheet)-এ প্রতিটি প্রশ্নের চারটি বিকল্পের মধ্যে শুধুমাত্র সঠিক বিকল্প লেখা বৃত্তটি সম্পুর্ণ ভর্তি করে দিতে হবে। **একই প্রশ্নের একাধিক বৃত্ত ভর্তি করলে সেই উত্তরটি বাতিল বলে গণ্য হবে।**

৫. ভুল উত্তরের জন্য কোনো নেগেটিভ মার্কিং নেই।

1. ১২১২৭ ÷ ১২ , এখানে ভাগফল হবে -
   (a) ১১　(b) ১০১　(c) ১০০১　(d) ১০১০

2. ২.০২৫ কে মিশ্র ভগ্নাংশে প্রকাশ করলে হয় -
   (a) $২\frac{১}{৪}$　(b) $২\frac{১}{৮}$　(c) $২\frac{১}{৪০}$　(d) $২\frac{১}{৮০}$

3. $\frac{১৫৫}{২১৭}$ ভগ্নাংশটিকে লঘিষ্ঠ আকারে প্রকাশ করলে হয় -
   (a) $\frac{১৫৫}{২১৭}$　(b) $\frac{৫}{৩১}$　(c) $\frac{৭}{৩১}$　(d) $\frac{৫}{৭}$

4. একটি আয়তাকার পার্কের দৈর্ঘ্য ২৫ মিটার, প্রস্থ ১৫ মিটার। যদি পার্কটির প্রত্যেক ধারের দৈর্ঘ্য ২ মিটার করে বাড়ানো হয়, তবে নতুন বাগানটির পরিসীমা আগের থেকে কত বেশী হবে?
   (a) ৮ মিটার　(b) ৪ মিটার　(c) ২ মিটার　(d) অপরিবর্তিত থাকবে

5. তুমি ফুলের দোকানে ১০.৫০ টাকা, মিষ্টির দোকানে ৫০ টাকা ৫০ পয়সা ও বইয়ের দোকানে ১১০.৫০ টাকা দিলে। এখন তোমার কাছে ২০ টাকা আছে। প্রথমে তোমার কাছে কত টাকা ছিল?
   (a) ১৯১ টাকা　(b) ১৫১.৫০ টাকা　(c) ১৭১.৫০ টাকা　(d) ১৯১.৫০ টাকা

6. এক ব্যক্তির দৈনিক আয় ২৫০ টাকা। ৫ মাসে তার আয় কত?
   (a) ১২৫০ টাকা　(b) ৩৭৫০০ টাকা　(c) ৩৭৫০ টাকা　(d) ৭৩৫০০ টাকা

7. চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি কয় সমকোণ হয়?
   (a) ১　(b) ২　(c) ৩　(d) ৪

8. পাশে প্রদত্ত চিত্রের কত অংশ কালো রঙ করা আছে?
   (a) $\frac{৩}{৫}$　(b) $\frac{৩}{১০}$　(c) $\frac{৭}{১০}$　(d) $\frac{৫}{৭}$



9. ২৯৭.৫৬৮ সংখ্যাটিতে ৬ এর স্থানীয় মান হবে -
   (a) ৬　(b) ৬০　(c) ৬ দশাংশ　(d) ৬ শতাংশ

10. একটি আয়তাকার জমির ক্ষেত্রফল ১০৩৫ বর্গ মিটার। জমিটির প্রস্থ ২৩ মিটার হলে দৈর্ঘ্য হবে -

(a) ৪৫ মিটার (b) ৪.৫ মিটার (c) ০.৪৫ মিটার (d) ৪০.৫ মিটার

11. ১০ X ৬ – [৫ + { ১০ – (৫ – ২) } ৩] এর সরলতম মান

(a) ৫৪ (b) ৪৪ (c) ৩৪ (d) ২৪

12. $৪\frac{১}{৮}$ এর অন্যোন্যক হল -

(a) $৪\frac{৮}{১}$ (b) $৮\frac{৪}{১}$ (c) $৮\frac{১}{৪}$ (d) $\frac{৮}{৩৩}$

13. পাশের চিত্রের A, B, C বিন্দু তিনটি -

(a) সমরেখ (b) অসমরেখ (c) সমতলীয় (d) (a) ও (c) উভয়ই



14. ১৬ ÷ ৪ X ২ ÷ ৪ X ৩ -এর সরলতম মান হবে -

(a) ৪ (b) ৫ (c) ৬ (d) ২

15. ৪৪ টি লেবুর দাম ১১০ টাকা হলে ১০০ টাকায় লেবু পাওয়া যাবে -

(a) ৪০ টি (b) ২৫০ টি (c) ৫০ টি (d) ২০০ টি

16. ৭ এর বর্গের বর্গমূল -

(a) ৪৯ (b) ৩৪৩ (c) ১৪ (d) ৭

17. $\frac{১}{৪} - \frac{১}{৬} + \frac{১}{২}$ = ?

(a) $\frac{১১}{১২}$ (b) $\frac{৭}{১২}$ (c) $\frac{১}{১২}$ (d) অনির্ণেয়

18. ১৫৯০ ও ১৩২৫ এর সমষ্টিতে তাদের অন্তর কতবার আছে?

(a) ২৯১৫ (b) ২৬৫ (c) ১০ (d) ১১

19. সূক্ষ্মকোণী ত্রিভুজে সূক্ষ্মকোণের সংখ্যা

(a) ১ (b) ২ (c) ৩ (d) ০

20. যুগ্ম অথচ মৌলিক এমন সংখ্যা কয়টি ?

(a) ১ টি (b) ২ টি (c) ৩ টি (d) একটিও নেই

21. ৩, ৭, ৮, ৯, ০ অঙ্কগুলি দিয়ে গঠিত পাঁচ অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল -

(a) ৬৭৯৪১ (b) ৯৪৯৪১ (c) ৭৬৪৯১ (d) ৯৭৬৪১

22. $\frac{৪৫}{৬৩}$ এর সমতুল্য ভগ্নাংশ হল -

(a) $\frac{৯০}{১২৬}$ (b) $\frac{১৫}{২১}$ (c) $\frac{৫}{৭}$ (d) সবকটি

23. $\frac{২}{৩}$, $\frac{৫}{৬}$, $\frac{৩}{৪}$ ভগ্নাংশগুলিকে সম-হরবিশিষ্ট করলে হয় -

(a) $\frac{৬}{১২}$, $\frac{১০}{১২}$, $\frac{৯}{১২}$ (b) $\frac{৮}{১২}$, $\frac{১০}{১২}$, $\frac{৯}{১২}$ (c) $\frac{৩০}{৪৫}$, $\frac{৩০}{৩৬}$, $\frac{৩০}{৪০}$ (d) $\frac{৩০}{৪৫}$, $\frac{৩০}{৩৬}$, $\frac{৩০}{৩৮}$

24. $\frac{১৬৩}{৪}$ কে মিশ্র ভগ্নাংশে পরিণত করলে হয় -

(a) $৪\frac{৩}{৪}$ (b) $৪৩\frac{৩}{৪}$ (c) $৪৪\frac{৩}{৪}$ (d) $৪০\frac{৩}{৪}$

25. শূন্যস্থান পূরণ কর : ৮, ২৭, ৬৪, ১২৫, ২১৬, ______

(a) ৪২৮ (b) ৮২৪ (c) ২৪৮ (d) ৩৪৩

26. যে বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১০২৪ বর্গমিটার তার পরিসীমা হবে -

(a) ৩২ মিটার (b) ৬৪ মিটার (c) ২৫৬ মিটার (d) ১২৮ মিটার

27. স্থূলকোণ নয় নীচের কোন্ কোণটি?

(a) ৯০$\frac{১}{২}$° কোণ (b) ৯৮° কোণ (c) ১৭৮° কোণ (d) ৮৯.৪৬° কোণ

28. দুধের কৌটার মাত্রা কয়টি?

(a) ০ (b) ১ (c) ২ (d) ৩

29. পিরামিডের পার্শ্বতলগুলি সর্বদা -

(a) ত্রিভুজাকার (b) চতুর্ভুজাকার (c) বৃত্তাকার (d) ডিম্বাকার

30. ৬ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। ১ জন লোক ওই কাজটি করবে -

(a) ৭২ দিনে (b) ২ দিনে (c) $\frac{১}{২}$ দিনে (d) $\frac{১}{৭২}$ দিনে

31. একটি ত্রিভুজের কয়টি কর্ণ?

(a) একটিও নেই (b) ১ টি (c) ২ টি (d) ৩ টি

32. সমকোণী ত্রিভুজের একটি কোণের মান ৩০° হলে অপর কোণদুটির মান হবে -

(a) ৫০° ও ১০০° (b) ৬০° ও ৯০° (c) ৭০° ও ৮০° (d) ১১০° ও ৪০°

33. পরের চিত্রটি কী হবে?

(a) (b) (c) (d)

34. তুমি, তোমার বাবা ও তোমার মায়ের গড় বয়স ৩০ বছর। ৮ বছর পর তোমাদের বয়সের সমষ্টি হবে -

(a) ৩৮ বছর (b) ৯৮ বছর (c) ১১৪ বছর (d) ১৫২ বছর

35. একটি চৌবাচ্চায় ৮$\frac{৫}{৭}$ লিটার জল ছিল। ১$\frac{২}{৭}$ লিটার আয়তনের একটি বালতি দিয়ে ৩ বালতি জল ঢালা হল ও তারপর চৌবাচ্চা থেকে ১০ লিটার জল খরচ হল। এখন চৌবাচ্চায় কত লিটার জল আছে?

(a) ২$\frac{৪}{৭}$ লিটার (b) ৭$\frac{২}{৩}$ লিটার (c) ৩$\frac{৪}{৭}$ লিটার (d) ৪$\frac{৩}{৭}$ লিটার

36. ৩৪.০৪, ৩০.০৪৪ থেকে কত বড়?

(a) ৪.৯৯৬ (b) ৩.৯৯৬ (c) ৬৪.০৮৪ (d) ৩৯.৯৬

37. কোন একটি দশমিক ভগ্নাংশকে নীচের কোনটি করলে দশমিক বিন্দুটি ২ ঘর বাম দিকে সরবে?

(a) ১০০ দ্বারা যোগ (b) ১০০ দ্বারা বিয়োগ (c) ১০০ দ্বারা গুণ (d) ১০০ দ্বারা ভাগ

38. একটি গাড়ি ১ ঘন্টায় ৩.৩৩ কিমি গেলে ______ ঘন্টায় ৬.৬৯৩৩ কিমি যাবে।

(a) ২.০১ (b) ২.১ (c) ২১ (d) ০.২১

39. একটি পাত্রে ২.৫ লিটার রঙ আছে এবং এর ওজন ৩.৭৫ কেজি। প্রতি লিটার রং-এর ওজন -

(a) ১৫০ গ্রাম (b) ১৫০০ গ্রাম (c) ১৫ কেজি (d) ০.১৫ কেজি

40. নীচের কোনটি মৌলিক সংখ্যা নয়?

(a) ১০১ (b) ১০৩ (c) ১০৭ (d) ১১৯

41. ৪৪৪ মিনিট = ?

(a) ৪ ঘন্টা ৪৪ মিনিট (b) ৪৪ ঘন্টা ৪ মিনিট (c) ৭ ঘন্টা ১৪ মিনিট (d) ৭ ঘন্টা ২৪ মিনিট

42. একটি উড়োজাহাজ কলকাতা থেকে দিল্লী যাচ্ছে। এই দুই শহরের দূরত্ব ৩৪০০ মাইল। যেতে যেতে পাইলট ঘোষণা করলেন যে "আমরা মোট দূরত্বের $\frac{৪}{১০}$ অংশ এসেছি"। আর কত দূরত্ব যাওয়া বাকি আছে?

(a) ১৩৬০ মাইল (b) ২০৪০ মাইল (c) ১৭০০ মাইল (d) ৪০৮০ মাইল

43. ৭ এর ট্যালিচিহ্ন নীচের কোনটি?

(a) ||||||| (b) ~~||||~~ || (c) ~~|||~~ || (d) ~~||||~~ |||

44. ছাত্রদের 'সূর্যমুখী গাছের উচ্চতা বৃদ্ধি' প্রতিযোগীতায় প্রাপ্ত ফল পাশের ছকে দেখানো আছে।আমিরা প্রথম হয়েছে, কারণ তার সূর্যমুখী গাছ সবচেয়ে লম্বা। কে তৃতীয় হয়েছে?

নাম	উচ্চতা (মিটার)	স্থান
আমিরা	$\frac{২২}{২৪}$	প্রথম
হ্যারি	$\frac{৩}{৪}$	
বেন	$\frac{৩}{৮}$	
এলি	$\frac{১০}{১২}$	
মাইকেল	$\frac{৪}{৮}$	

(a) হ্যারি (b) এলি

(c) মাইকেল (d) বেন

45. পাশের ' ? ' চিহ্নিত ঘরে কী বসবে?

A 2	C 4	E 6
G 3	I 5	?
M 5	O 9	Q 14

(a) L 10 (b) K 15

(c) I 15 (d) K 8

46. শৈলেন্দ্র কেশবের চেয়ে ছোট কিন্তু রাকেশের চেয়ে বড়। মাধব সবার চেয়ে বড়। আশীষ কেশবের চেয়ে কিছুটা ছোট, কিন্তু শৈলেন্দ্রর চেয়ে কিছুটা বড়। যদি তারা উচ্চতা বৃদ্ধির ক্রম অনুসারে দাঁড়ায়, তবে দ্বিতীয় স্থানে কে থাকবে?

(a) আশীষ (b) শৈলেন্দ্র (c) রাকেশ (d) মাধব

47. একজন মানুষ একটি মহিলা-কে বলল, "তোমার মায়ের স্বামীর বোন আমার কাকীমা'। মহিলাটি মানুষটির সম্পর্কে কে হন?

(a) মাসি (b) মা (c) বোন (d) মেয়ে

48. একটি বৃত্তের ব্যাসার্ধ তার ব্যাসের ______ গুণ

(a) ২ (b) ১ (c) ০.৫ (d) ০.৩

49. (☐ ÷ ৫) × ২ = ২৪ । খালি ঘরে কোন্ সংখ্যা বসবে?

(a) ১২ (b) ২৫ (c) ৬০ (d) ৩০

50. ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য নীচের কোনটি হলে ত্রিভুজটি আঁকা সম্ভব না?

(a) ৩ সেমি, ৪ সেমি, ৫ সেমি (b) ৬ সেমি, ৮ সেমি, ৯ সেমি

(c) ৬ সেমি, ১৪ সেমি, ৮ সেমি (d) ৫ সেমি, ৮ সেমি, ১০ সেমি